

## সম্মানিত সকল সদস্যদের জন্য


বিষয়: পোশাক খাতের আমদানি-রপ্তানি কার্যক্রম সম্পাদনের জন্য পানগাঁও অভ্যন্তরীণ কন্টেইনার টার্মিনাল ব্যবহারের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র: (ক) চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের স্মারক নং ডিটি/শিপ/বিজিএমইএ/পত্রালাপ/২০১৭/২১৬৭, তারিখ: ২৫/০৮/২০২৪।

সম্মানিত সদস্যদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দেশে চলমান বন্যা পরিস্থিতির কারণে চট্টগ্রাম-ঢাকা-চট্টগ্রাম সড়ক/রেলপথে আমদানি/রপ্তানি পণ্যবাহী কন্টেইনার পরিবহন করা সম্ভব হচ্ছে না। এরূপ পরিস্থিতিতে পোশাক খাতের আমদানি-রপ্তানি কার্যক্রম চলমান রাখার স্বার্থে পানগাঁও অভ্যন্তরীণ কন্টেইনার টার্মিনাল ব্যবহার করে আমদানি-রপ্তানি কার্যক্রম সম্পাদনের জন্য চট্টগ্রাম বন্দর সূত্রোক্ত নির্দেশনা প্রদান করেছে। এ বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড হতে সার্বিক সহায়তা পাওয়া যাবে মর্মে উল্লেখ করা হয়েছে।

আপনাদের প্রয়োজনীয় কার্যার্থে চট্টগ্রাম বন্দরের নির্দেশনা এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,



মোঃ ফয়জুর রহমান

মহাসচিব



## চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

বন্দর ভবন, বন্দর, চট্টগ্রাম-৪১০০, বাংলাদেশ  
ফোন : ০২-৩৩৩৩২২০০-২৯, ফ্যাক্স : ০২-৩৩৩৩১০৮৮৯  
[www.cpa.gov.bd](http://www.cpa.gov.bd)

নং-ডিটি/শিপ/বিজিএমইএ/পত্রালাপ/২০১৭/২৩৫৭  
বরাবর

তারিখ-২৫-০৮-২০২৪ ইং।

- ১। সভাপতি  
বাংলাদেশ গার্মেন্টস্ ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএমইএ)  
বিজিএমইএ কমপ্লেক্স, হাউস নং-৭/৭এ  
ব্লক-এইচ ১, সেক্টর-১৭, উত্তরা, ঢাকা।
- ২। প্রেসিডেন্ট  
বাংলাদেশ নীটওয়ার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিকেএমইএ)  
প্ল্যানার্স টাওয়ার (৫ম তলা)  
১৩/এ, সোনারগাঁও রোড  
বাংলামটর, ঢাকা।

বিষয়ঃ- পানগাঁও অভ্যন্তরীণ কন্টেইনার টার্মিনাল এবং চট্টগ্রাম বন্দর ব্যবহারের মাধ্যমে চট্টগ্রাম-ঢাকা-চট্টগ্রাম  
নৌ-পথযোগে আমদানি-রপ্তানির ধারা বজায় রাখা প্রসঙ্গে।

- ১। উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, চলমান বন্যা পরিস্থিতিতে চট্টগ্রাম-ঢাকা-চট্টগ্রাম সড়ক/রেলপথে আমদানি/রপ্তানি পণ্যবাহী কন্টেইনার পরিবহন অনেক ক্ষেত্রেই শূন্য হচ্ছে/বন্ধ রাখতে বাধ্য হতে হচ্ছে। এতে দেশের আমদানি-রপ্তানির গতি বাধাগ্রস্ত হচ্ছে। বিষয়টি বিবেচনায় এনে চট্টগ্রাম-ঢাকা-চট্টগ্রাম নৌপথ ব্যবহার করে আমদানি/রপ্তানি গতিশীল রাখার লক্ষ্যে পানগাঁওস্থ অভ্যন্তরীণ কন্টেইনার টার্মিনালটি ব্যবহারের জন্য সার্বিকভাবে প্রস্তুত করা হয়েছে। আমদানি/রপ্তানিকারকগণ পানগাঁও অভ্যন্তরীণ কন্টেইনার টার্মিনাল ব্যবহার করতে পারেন। বিভিন্ন জাহাজ কোম্পানীর পর্যাপ্ত ইনল্যান্ড জাহাজ এবং চট্টগ্রাম বন্দরের সকল ধরনের লজিস্টিকস্ সুবিধাদি এই কার্যক্রমের জন্য সার্বিকভাবে প্রস্তুত রাখা হয়েছে। এ বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডও সার্বিক সহায়তা প্রদানের জন্য প্রস্তুত রয়েছে।
- ২। এমতাবস্থায়, বিজিএমইএ/বিকেএমইএ-সহ সকল আমদানি/রপ্তানিকারকগণকে পানগাঁও অভ্যন্তরীণ কন্টেইনার টার্মিনাল এবং চট্টগ্রাম বন্দর ব্যবহারের মাধ্যমে চট্টগ্রাম-ঢাকা-চট্টগ্রাম নৌ-পথযোগে আমদানি-রপ্তানির ধারা বজায় রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ এ বিষয়ে সার্বিক সহযোগীতা প্রদান করবে।
- ৩। চলমান বন্যা পরিস্থিতিতে দেশের আমদানি/রপ্তানি নিরবিচ্ছিন্ন/গতিশীল রাখার স্বার্থে বিষয়টি অতীব জরুরী।
- ৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বিষয়টি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

সচিব

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ  
ফোন নং - ০২-৩৩৩৩৩০৮৬৯

অনুলিপি- সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। টার্মিনাল ম্যানেজার, আইসিটি, পানগাঁও, কেরানীগঞ্জ, ঢাকা।
- ২। টার্মিনাল ম্যানেজার, চবক।
- ৩। পি এস টু সিনিয়র সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা - সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৪। প্রথম সহ-সভাপতি, বাংলাদেশ গার্মেন্টস্ ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএমইএ), বিজিএমইএ ভবন (লেভেল-৪ ও ৫), ৬৬৯/ই, ঝাউতলা রোড, দক্ষিণ খুলশী, চট্টগ্রাম।
- ৫। পি এস টু চেয়ারম্যান, চবক - চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৬। পি এস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা - জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৭। পি এ টু কমিশনার অব কাস্টমস্, কাস্টম হাউস, চট্টগ্রাম - কমিশনার অব কাস্টমস্ এর সদয় অবগতির জন্য।
- ৮। পি এ টু কমিশনার অব কাস্টমস্, পানগাঁও, কেরানীগঞ্জ, ঢাকা - কমিশনার অব কাস্টমস্ এর সদয় অবগতির জন্য।

সচিব  
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ